অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/10/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আলস্টার ও গ্রিন কাউন্টিতে NYS থ্রুওয়েতে 21 মিলিয়ন মার্কিন ডলারের অবকাঠামোগত উন্নয়ন প্রকল্পের নির্ধারিত সময়ে সমাপ্তির ঘোষণা দিয়েছেন

প্রকল্পটিতে I-87 এর 60 লেনের মাইলেরও বেশি পূর্ণ গভীরতার মেরামত ও পুনঃনির্মাণ অন্তর্ভুক্ত ছিল

নিরাপত্তাজনিত উন্নয়নের মধ্যে নতুন গাইড রেল, নতুন রিফ্লেক্টিভ লাইন স্ট্রিপিং ও ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন অন্তর্ভুক্ত ছিল

প্রকল্পটি প্রত্যাশিত বাজেটের চেয়ে কমে সম্পন্ন হয়েছে এবং 2024 সালে NYS থ্রুওয়ে সিস্টেমে প্রতিশ্রুতিবদ্ধ মূলধন বিনিয়োগের 451 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি

গভর্নর ক্যাথি হোকল আজ আলস্টার ও গ্রিন কাউন্টিতে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে (I-87) এ 21.3 মিলিয়ন মার্কিন ডলারের পরিকাঠামোগত উন্নয়ন প্রকল্পের সময়মত ও প্রত্যাশিত বাজেটের চেয়ে কমে সমাপ্তির ঘোষণা দিয়েছেন। প্রকল্পটিতে সম্পূর্ণ ও আংশিক গভীরতার মেরামতের পাশাপাশি I-87 এর 15.5 মাইল অংশে ফুটপাথ পুনঃনির্মাণ যা মাইলপোস্ট 93.8 থেকে মাইলপোস্ট 109.3, প্রস্থান 19 (কিংস্টন - NY রুট 28 - কিংস্টন-রাইনক্লিফ ব্রিজ) এবং প্রস্থান 21 (ক্যাটস্কিল - কায়রো - NY রুট 23) এর মধ্যে অন্তর্ভুক্ত ছিল। প্রায় 40,000 মোটর চালক প্রতিদিন উভয় দিক থেকে I-87 এর এই প্রসারিত অংশ ব্যবহার করেন। প্রকল্পটি 2024 সালের থ্রুওয়ে সিস্টেমে প্রতিশ্রুতিবদ্ধ মূলধন বিনিয়োগের 451 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অংশ।

"নিউ ইয়র্ক একটি স্থিতিশীল ও নির্ভরযোগ্য পরিবহন ব্যবস্থা বজায় রাখার জন্য অবকাঠামো প্রকল্পগুলোতে বিনিয়োগের জন্য প্রতিশ্রুতিবদ্ধ যা কমিউনিটিগুলোকে সংযুক্ত করে এবং আমাদের স্থানীয় অর্থনীতিকে সাহায্য করে," **গভর্নর হোকল বলেন।** "এই প্রকল্পের অংশ হিসেবে মেরামত ও পুনঃনির্মাণ হাডসন ভ্যালির থ্রুওয়ের একটি ব্যস্ত অংশে যাত্রার মান উন্নতি করবে এবং জীবনযাত্রার মান আরও ভাল করবে।"

প্রকল্পটিতে 48,431 টন টপ কোর্স কংক্রিট ব্যবহার করে সম্পূর্ণ এবং আংশিক গভীরতার ফুটপাথ মেরামত অন্তর্ভুক্ত ছিল, পাশাপাশি বিচ্ছিন্ন প্রত্যন্ত অঞ্চলে রাস্তার অবকাঠামো সংস্কার অন্তর্ভুক্ত ছিল। মাইলপোস্ট 103.1 এ অবস্থিত পার্কিং এলাকায়, মালডেন সার্ভিস এরিয়াতে জ্বালানী পরিষেবা এলাকাগুলোর পাশাপাশি প্রস্থান 20 (সগার্টিস - উডস্টক - NY রুট 32) এ রাস্তার অবকাঠামো সহ প্রবেশ ও প্রস্থান র‍্যাম্পগুলোতেও একটি মিল ও ইনলে সঞ্চালিত

হয়েছিল। অতিরিক্ত কাজের মধ্যে মাইলপোস্ট 94.0 এ একটি ইউ-টার্ন স্থানান্তর এবং নতুন গাইড রেল, নতুন প্রতিফলিত লাইন স্ট্রাইপিং এবং ড্রেনেজ ও কালভার্টের উন্নয়ন অন্তর্ভুক্ত ছিল।

অ্যালবানি, NY এর ক্যালানান ইন্ডাস্ট্রিজ, ইনকর্পোরেটেড এই প্রকল্পের ঠিকাদার ছিল।

থ্রুওয়ে অথরিটির নির্বাহী পরিচালক ফ্রাঙ্ক জি হোয়ার বলেন, "I-87 এর এই করিডোরটি প্রতিদিন হাজার হাজার গাড়িচালক ব্যবহার করেন যা তাদেরকে রাজধানী অঞ্চল থেকে লোয়ার হাডসন ভ্যালির সাথে সংযুক্ত করে। এই উন্নয়নগুলো রাস্তার দীর্ঘায়ু বৃদ্ধি করবে এবং নিরাপদ ও নির্ভরযোগ্য পরিবহন ব্যবস্থা বজায় রাখবে।"

সিনেটর মিশেল হিঞ্চি বলেন, "আমাদের থ্রুওয়েকে নিখুঁত অবস্থায় রাখার অর্থ হচ্ছে প্রতিদিন এটির উপর নির্ভর করে এমন হাজার হাজার লোকের জন্য নিরাপদ, আরো নির্ভরযোগ্য ভ্রমণ। I-87-এর এই উন্নয়নগুলো মসৃণ যাতায়াত ও একটি বড় মানের জীবনযাত্রার উন্নয়নে রূপান্তর করবে, বিশেষ করে গ্রিন ও আলস্টার কাউন্টিতে আমাদের প্রতিবেশীদের জন্য। আমি গভর্নর হোকল ও থ্রুওয়ে কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক হোয়ারকে এই উন্নয়নগুলো এগিয়ে নিয়ে যাওয়ার জন্য ধন্যবাদ জানাই যা আমাদের রাস্তাগুলোকে সবার জন্য নিরাপদ করে তুলবে।"

আলস্টার কাউন্টির নির্বাহী জেন মেটজার বলেন, "আলস্টার কাউন্টির মধ্যে দিয়ে I-87-এর সম্প্রসারিত এই উন্নয়ন ও সংস্কারগুলো দেখে আমরা আনন্দিত হয়েছি এবং এই গুরুত্বপূর্ণ কাজটি সম্পাদন করার জন্য প্রয়োজনীয় 21.3 মিলিয়ন মার্কিন ডলার সুরক্ষিত করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। থ্রুওয়ের এই অংশে প্রতিদিন প্রায় 40,000 গাড়ি চালকের সাথে, একটি ভালোভাবে রক্ষণাবেক্ষণ করা ইন্টারস্টেট সড়ক পথ ভ্রমণকারীদের নিরাপত্তার জন্য অত্যাবশ্যক এবং আমাদের কাউন্টি এবং অঞ্চলে একটি সমৃদ্ধিশীল পর্যটন শিল্প ও অর্থনীতিতেও গুরুত্বপূর্ণ অবদান রাখে।"

গ্রিন কাউন্টি আইনসভার চেয়ারম্যান প্যাট্রিক লিঙ্গার বলেন, "গ্রিন কাউন্টি আমাদের অঞ্চলের সবচেয়ে গুরুত্বপূর্ণ পরিবহন করিডোর বজায় রাখতে এবং উন্নত করতে স্টেটের বিনিয়োগের জন্য অত্যন্ত কৃতজ্ঞ ও ঋণী। এই উন্নয়নগুলোর মাধ্যমে আমাদের ভ্রমণকারী জনসাধারণের সুরক্ষাকে অগ্রাধিকার দেওয়ার জন্য আমরা গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই এবং প্রশংসা করি।"

থ্রুওয়ে কর্তৃপক্ষ সম্পর্কে

1950 দশকের শুরুর দিকে নির্মিত গভর্নর টমাস ই ডিউই থ্রুওয়ে (Governor Thomas E. Dewey Thruway) হলো জাতীয় ইন্টারস্টেট হাইওয়ে সিস্টেমের সবথেকে পুরোনো অংশগুলির একটি এবং দেশের দীর্ঘতম টোলযুক্ত রাস্তাগুলির একটি। থ্রুওয়ে সিস্টেমের রক্ষণাবেক্ষণ এবং পরিচালনার অর্থ মূলত টোল থেকে আসে। থ্রুওয়ে কর্তৃপক্ষ কোনো নিবেদিত ফেডারেল, স্টেট, বা স্থানীয় ট্যাক্স ডলার লাভ করে না এবং থ্রুওয়েতে যারা গাড়ি চালান তাদেরকে জন্য অর্থ প্রদান করতে হয়, এর মধ্যে এক তৃতীয়াংশ চালক স্টেটের বাইরে থেকে আসেন।

কর্তৃপক্ষের অনুমোদিত 2024 সালের বাজেটটি তার মূলধন কর্মসূচিকে সহায়তা করার জন্য মোট 451 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে, যা পরবর্তী পাঁচ বছরে মূলধন

প্রকল্পগুলোতে 2.4 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করবে বলে আশা করা হচ্ছে – যা 2024 সালের জানুয়ারি মাসে কার্যকর হওয়া টোল সমন্বয়ের পরে 500 মিলিয়ন মার্কিন ডলার বৃদ্ধি পেয়েছে। বর্ধিত বিনিয়োগের ফলে থ্রুওয়ের 2,800 লেন মাইলের মধ্যে আনুমানিক অর্ধেকে কাজ হবে এবং একই সাথে থ্রুওয়ের 817টি ব্রিজের মধ্যে আনুমানিক 90টিতে কাজ হবে।

থ্রুওয়েকে দেশের সবথেকে নিরাপদ রাস্তার একটি হিসেবে গণ্য করা হয় এবং এখানকার মৃত্যুহার দেশব্যাপী ইনডেক্সের তুলনায় অনেক কম, এবং অনুরূপ টোলের রাস্তার তুলনায় থ্রুওয়ের টোলের হার দেশের সবথেকে কম হারের মধ্যে একটি। ওহায়ো টার্নপাইক (Ohio Turnpike) (প্রতি মাইলে $0.06 মার্কিন ডলার), নিউ জার্সি টার্নপাইক (New Jersey Turnpike) (প্রতি মাইলে 0.11 মার্কিন ডলার এবং 0.31 মার্কিন ডলার) এবং পেনসিলভ্যানিয়া টার্নপাইকের (Pennsylvania Turnpike) (প্রতি মাইলে 0.14 মার্কিন ডলার) থ্রুওয়ের মূল যাত্রী যানবাহনের টোলের হার হলো প্রতি মাইলে 0.05 মার্কিন ডলারের কম।

ভ্রমণের সর্বশেষ তথ্যের জন্য, গাড়িচালকদের মোবাইল অ্যাপ্লিকেশনটি ডাউনলোড করতে উৎসাহিত করা হল যা আইফোন ও অ্যান্ড্রয়েড ডিভাইসে বিনামূল্যে ডাউনলোডের জন্য পাওয়া যায়। অ্যাপটি চলার পথে মোটরযান চালকদের রিয়েল-টাইম ট্রাফিক ও দিক-নির্দেশনা সংক্রান্ত সহায়তা প্রদান করে। ভ্রমণকারীগণ থ্রুওয়ে কর্তৃপক্ষের ইন্টারেক্টিভ ট্রাভেলার মানচিত্রটিও ভিজিট করতে পারবেন যা লাইভ ট্র্যাফিক ক্যামেরা বৈশিষ্ট্যযুক্ত। গাড়ি চালকরা ট্রান্সঅ্যালার্ট ই-মেইলের জন্যও সাইন আপ করতে পারবেন, যা থ্রুওয়ে বরাবর সর্বশেষ ট্র্যাফিক পরিস্থিতি সরবরাহ করে।

আরো তথ্যের জন্য, ফেসবুক, X এবং ইনস্টাগ্রামে থ্রুওয়ে ফলো করুন অথবা আমাদের ওয়েবসাইটটি ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন